



বিজ্ঞপ্তি নং- ৬৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯
ই-মেইল: gsscollege_mukta@yahoo.com
ওয়েবসাইট: gsscollege.gov.bd

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি ষ্টান্দ

২০২৩ সনের অনার্স-৪র্থ বর্ষ পরীক্ষার ফরমপূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরমপূরণ আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রবিবার থেকে ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ মঙ্গলবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত চলবে। নিয়মিতদের মধ্যে যে সকল শিক্ষার্থী পূর্বে চতুর্থ বর্ষে ভর্তি হয়নি এবং অনিয়মিত (যে সকল শিক্ষার্থী পূর্বে ৪র্থ বর্ষে ভর্তি/ফরমপূরণ করেনি) পরীক্ষার্থীদের ভর্তি ফি বাবদ ১,৮০৫/- (এক হাজার আটশত পাঁচ) টাকা কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে। নিয়মিত ও অনিয়মিতদের (যে সকল শিক্ষার্থী পূর্বে ৪র্থ বর্ষে ভর্তি/ফরমপূরণ করেনি) ভর্তির ক্ষেত্রে বিভাগীয় পাওনাদি পরিশোধের তথ্য বিভাগ থেকে নিশ্চিত করে অনলাইনে আবেদনের ১ কপি এবং ফরমপূরণের নির্ধারিত ফি হিসাব শাখায় জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোনো প্রকার সুযোগ নেই।

বিভাগ/বিষয়ওয়ারি ফরমপূরণের প্রদেয় ফি

(বিশ্ববিদ্যালয়ের ফি, ইনকোর্স পরীক্ষা, কেন্দ্র ফি, সোনালী সেবা সহ)

ক্রমিক নং	বিভাগ/ বিষয়	নিয়মিত	অনিয়মিত
১	বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩,৯৭৫/-	৪,২৭৫/-

- শুধুমাত্র ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা মাত্র প্রদান করে ফরমপূরণ করতে পারবে।
- ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে যারা C Promoted হয়েছে তাদেরকে নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত ১,০০০/- (এক হাজার টাকা) জমা দিতে হবে।
- গ্রেড উন্নয়নপরীক্ষার্থীরা বিভাগে নিম্নে বর্ণিত ফি জমা দিয়ে ফরমপূরণ করবে :


বিবরণ	টাকার পরিমাণ	বিবরণ	টাকার পরিমাণ
১ পত্র	১,০৫০/-	৬ পত্র	২,৩০০/-
২ পত্র	১,৩০০/-	৭ পত্র	২,৫৫০/-
৩ পত্র	১,৫৫০/-	৮ পত্র	২,৮০০/-
৪ পত্র	১,৮০০/-	৯ পত্র	৩,০৫০/-
৫ পত্র	২,০৫০/-		

ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের করণীয় :

- ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।
- শিক্ষার্থীগণ আবেদনফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <http://ems.nu.ac.bd/student-login> থেকে ২ কপি প্রিন্ট করে কলেজের হিসাব শাখায় ১ কপি এবং স্ব-স্ব বিভাগে ১ কপি জমা দিবে।
- শিক্ষার্থীদের আবেদনফরম পূরণের সময় Probable List—এ প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।
- রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের মূল প্রবেশপত্রের ফটোকপি আবেদনফরমের সাথে জমা দিতে হবে।

বিতরণ :

- উপাধ্যক্ষ, অত্র কলেজ
- বিভাগীয় প্রধান (অনার্স পাঠদানকারী বিভাগ), অত্র কলেজ
- হিসাব শাখা, অত্র কলেজ
- সংরক্ষণ নথি


প্রফেসর মোঃ বশির উদ্দিন খান (০০২২৬২)
অধ্যক্ষ
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুক্তাগাছা, ময়মনসিংহ